[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কনস্টেবল পদে নিয়োগ দেয়া হবে। এই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ স্বচ্ছ ও মেধা এবং যোগ্যতার ভিত্তিতে শেষ করা হবে। সরকার নির্ধারিত ১২০ টাকা আবেদনপত্রের সঙ্গে পে-অর্ডারের মাধ্যমে জমা দিয়ে আবেদন করতে হবে। এরপর ২০ ফেব্রুয়ারি চুয়াডাঙ্গা পুলিশ লাইনে সকল আবেদনকারীর কাগজপত্র যাচাই-বাছাই এবং ২২ ফেব্রুয়ারি শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ শেষে উত্তীর্ণদের লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পুরো প্রক্রিয়াটি শেষ করা হবে প্রার্থীর শারীরিক সক্ষমতা ও মেধা ও যোগ্যতার ভিত্তিতে। এসময় তিনি জেলাবাসীর সচেতন করতে জোর দিয়ে বলেন, যার চাকরী হবে তার মাত্র ১২০ টাকার বিনিময়ে চাকরী হবে। এখানে অন্য কোন পন্থা কাজে আসবে না। এ ব্যাপারে কোন তদবির বা সুপারিশ কোনভাবেই গ্রহণযোগ্য হবেনা।

মিট দ্যা প্রেস অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দিন আল আজাদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন ও ডিআই-১ আবু জিহাদ ফকরুল আলম খান।

দামুড়হুদায় ভোক্তা অধিকারের অভিযানে দুটি বেকারিতে জরিমানা

অস্বাস্যকর পরিবেশ ও প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় দামুড়হুদার মদনায় দুটি বেকারিতে জরিমানা আদায় করেছেন চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদ।

আজ রবিবার দুপুর দুইটার দিকে দামুড়হুদার পারকষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা বাজারের জনতা ও ভাই ভাই বেকারিতে অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষন কর্মকর্তারা। দুটি বেকারিতেই অস্বাস্যকর পরিবেশ ও প্রয়াজনীয় কাগজপত্র না থাকার অপরাধে জরিমানা আদায় করা হয়।

দামুড়হুদা উপজলা সনটারি ইন্সেপেক্টর আনিসুর রহমান জানান, মদনা বাজারের জনতা বেকারিতে ৬ হাজার ও ভাই ভাই বেকারিতে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। সেই সাথে সতর্ক বার্তা দেওয়া হয়েছে পরিস্কার পরিছন্ন পরিবেশের পাশাপাশি সংশ্লিষ্ট বিভাগের প্রয়াজনীয় কাগজপত্র করে নেওয়ার জন্য। অন্যথায় পরবর্তিতে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন দর্শনা থানার এএসআই মারুফুল ইসলাম সহ সঙ্গীয় ফোর্স।

চুয়াডাঙ্গার গিরিশনগরে ফার্ণিচার ও চায়ের দোকানে অগ্নিকান্ড

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের গিরিশনগর বাজারে ফার্ণিচার ও একটি কাঠের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

আজ রোববার ভোরে এ ঘটনা ঘটে বলে জানাগেছে।কিন্তু আগুনের সূত্রপাত কিভাবে হয়েছে তা নির্দিষ্ট করে কেউ বলতে পারেনি। তবে স্থানীয়রা ধারনা করছেন বৈদ্যুতিক শর্টসার্কিট অথবা চায়ের দোকানের আগুন থেকে এ ঘটনা ঘটতে পারে বলে মন্তব্য করেছেন।

প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে জানাগেছে, আজ রোববার ভোররাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গিরিশনগর বাজারে নবিছদ্দি মন্ডলের ছেলে জসিম উদ্দিন ফার্ণিচার ব্যবসায়ী ও মৃত সাহাদতের ছেলে খোকনের চায়ের দোকানে গতকাল রোববার ভোররাতে হঠাৎ অগ্নিকাণ্ডের ঘটনা দেখে স্থানীয়রা। পরে ফায়ার সার্ভিসে খবর দিলে তারা এসে আগুন নিয়ন্ত্রণ আনতে সক্ষম হয়।

এই ঘটনায় দোকানের সবকিছু পুড়ে ভস্মীভূত হয়ে যায় ফার্ণিচারের দোকানে আনুমানিক ৪/৫ লাখ টাকা ও চায়ের দোকানে ১ লাখ টাকার মত ক্ষতি হয়েছে বলে ধারনা করেছেন ভূক্তভোগীরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় বসন্তের আগমনে গাছে গাছে শোভা পাচ্ছে আমের মুকুল

দামুড়হুদা উপজেলায় বসন্তের সাথে সাথে আম গাছগুলোতে দেখা মিলছে প্রচুর আমের মুকুল ৷ মুকুলের মৌ- মৌ গন্ধে মুখরিত দামুড়হুদা উপজেলার গ্রাম – গঞ্জ। মুকুল থেকে চলছে মৌমাছির মধু সংগ্রহের উৎসব ৷

উপজেলার সদর সহ সকল গ্রামের আম গাছগুলতে মুকুলে ভরপুর। উপজেলার আম গাছে উঁকি দিচ্ছে আমের মুকুল। বাতাসে মুকুলের মৌ মৌ সুবাস বইছে। গাছে গাছে এখন আমের মুকুল শোভা পাচ্ছে। মুকুল গুলো যেনো নষ্ট না হয় সেজন্য ইতোমধ্যে বাগান মালিকরা বাগান পরিচর্যার ব্যস্ত সময় পার করছেন।শোনা যাচ্ছে কোকিলের মিষ্টি সুরের কুহু কুহু ডাক আর মৌমাছির গুণ গুণ গানের গুঞ্জন। মুকুলের মিষ্টি ঘ্রাণ যেন জাদুর মতো কাছে টানছে তাদের। গাছের প্রতিটি শাখা- প্রশাখায় চলছে ভ্রমরের সুর ব্যঞ্জনা। বসন্তের স্নিগ্ধতার মাঝেও শোভা ছড়াচ্ছে স্বর্ণালি মুকুল।উপজেলার বিভিন্ন গ্রাম ঘুরে দেখা গেছে, বাগান সহ কিছু কিছু বাড়ির উঠানে আম গাছে শোভা পাচ্ছে মুকুল। বাতাসে মুকুলের সুবাসিত পাগল করা ঘ্রাণ।

গাছের আমপাতার সবুজ বিছানায় মুকুলের সোনালি রেণু যেন ফুলশয্যা সাজিয়েছে ফাগুনকে। সেই সঙ্গে বিদায় নিচ্ছে শীতকাল। তবে আবহাওয়ার ওপর আমের ফলন নির্ভর করে। আবহাওয়া অনুকূলে থাকলে এ বছর আমের ফলন ভালো হবে বলে মনে করছেন আম চাষিরা। বাগান মালিকরা জানান, আগাম মুকুল দেখার পর তারা অনেক খুশি। এই মুকুল টিকে থাকলে এবার আমের বাম্পার ফলন পাওয়া যাবে। তবে ঘন কুয়াশা থাকলে মুকুল পচে নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

দামুড়হুদার জয়রামপুর মল্লিক পাড়ার আম ব্যবসায়ী কাওছার আলী বলেন , গতবছর ১২ বিঘা জমিতে আম বাগান ছিলো যা ঝড়ের কারণে ব্যাপক ক্ষতি হয়, তাতে করে আমি গত বছর মোটা অংকে লচে ছিলাম। এ বছর লাভের আশায় গত বছরের ক্ষতি পুষিয়ে দিতে ৬ দাগে ১৭ বিঘাা জমির আম বাগান নিয়েছি। বর্তমানে আম গাছে যাতে কোনো পোকার আক্রমণ বা মুকুল নষ্ট না হয় সেজন্য ঔষধ দিয়ে পরিচর্যা করছি। মুকুলের পরিমাণ মোটামুটি ভালো আছে ৷ আবহাওয়া শেষ পর্যন্ত ভালো থাকলে এ বছরে গত বছরের ক্ষতি পুষিয়ে লাভবান হতে পারবো।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ শারমিন আক্তার জানান, আমরা সবসময় আম চাষীদের সকল ধরণের পরামর্শ দিয়ে সহযোগীতা করছি ৷ প্রয়োজনে আমরা সবসময় তাদের পাশে আছি। এবছরে উপজেলাতে ৭৯৫ হেক্টর জমিতে আম চাষ হয়েছে।

দর্শনায় ২ কেজি গাঁজাসহ ইজিবাইক উদ্ধার; গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে।

জানাগেছে আজ শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা রেল বাজারের শহিদুল ইসলামের মুদি দোকানের সামনের পাকা রাস্তার উপর।

এ সময় দর্শনা থানার এস আই খান আঃ রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি ইজিবাইকসহ রিপনকে (৩৫)গ্রেফতার করে। পরে তার ইজিবাইক তল্লাশি করে কসটেপ মোড়ানো ভারতীয় ২ কেজি গাঁজা উদ্ধার করে। গ্রেফতাররকৃত রিপন দর্শনা পৌরসভার রামনগর গ্রামের আঃ রহমানের ছেলে।

আজ শুক্রবার তার বিরুদ্ধে এস আই আঃ রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় বাসের ধাক্কায়

মোটরসাইকেল আরোহী নি*হ*ত

দামুড়হুদায় বাসের ধাক্কায় মফিজ উদ্দিন (৬৪) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। তিনি একই উপজেলার চন্দ্রবাস গ্রামের তৈয়ব আলির ছেলে।

আজ শুক্রবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের তালসারি মোড়ে এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর।

ওসি আলমগীর কবীর বলেন, সকাল ১০টার দিকে মফিজ উদ্দিন মোটরসাইকেলে নিজের বাড়ি থেকে মাঠে যাচ্ছিলেন। তিনি তালসারি মোড়ে পৌঁছালে দ্রুত গতিতে আসা একটি পিকনিকের বাস তার মোটরসাইকেলে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের ওপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বেলা ১১টার দিকে তার মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর আরও বলেন, লাশ ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোনো অভিযোগ পায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় পশু চিকিৎসকে ২৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা গ্রামের আসাদুলের ছেলে পল্লীপ্রাণি চিকিৎসক সাইদুজ্জামান কে মোবাইল কোর্টে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

প্রয়োজনীয় কাগজপত্র না থাকা সত্ত্বেও পল্লী প্রাণী চিকিৎসক হিসাবে চিকিৎসা সেবা প্রদানের জন্য বাংলাদেশ ভেটেনারী কাউন্সিল আইন ২০১৯ এর ৩৮ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা করেন মোবাইলের

কোর্টের বিচারক দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার(ভূমি)সজল কুমার।

মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ নীলিমা আক্তার হ্যাপী।

এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা ভেটেনারী সার্জন ডা:নাজমুল হাসান শাওন, কার্পাসডাঙ্গা লাইভস্টক সার্ভিস প্রোভাইটার বিল্লাল হোসেন, রফিকুল ইসলাম প্রমুখ।